134

দৈনিক ইনকিলাব

তারিখ 14 MAY 1997
পৃষ্ঠা ৮ কলাম ৭

## একই শিক্ষক এসএসসি পরীক্ষার দু'বিষয়ের পরীক্ষক নিযুক্ত

সাভার (ঢাকা) থেকে নিজস্ব সংবাদদাতার ফ্যাক্স ঃ সাভার মুশুরী খোলা শামসুল হক উচ্চ বিদ্যালয়ের একজন শিক্ষক এবার এসএসসি পরীক্ষার দু'বিষয়ের পরীক্ষক নিযুক্ত হয়েছেন। উক্ত শিক্ষকের নাম অমলকৃষ্ণ মণ্ডল। তিনি গণিত ও ভূগোল বিষয়ের খাতা ঢাকা বোর্ড থেকে এনেছেন। তাছাড়া ঐ স্কুলের সুজাউদ্দৌলা নামের শারীরিক শিক্ষা বিভাগের শিক্ষক ভূগোলের পরীক্ষক নিযুক্ত হয়ে খাতা এনেছেন।

উল্লেখ্য যে, ঢাকা বোর্ডের একশ্রেণীর কর্মকর্তার যোগসাজশের কারণে প্রকৃত অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকাবৃন্দ খাতা পাননি। বোর্ডের কর্মচারীদের হাতে বিশেষ করে বোর্ডের নিয়োগ শাখায় জনৈক উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের দফতর থেকে টাকার বিনিময়ে নিয়োগ দেয়া হয়েছে। এ ব্যাপারে সুষ্ঠু তদন্ত প্রয়োজন।